

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা গত ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে ২০২০-২১ অর্থবছরে উপবৃত্তির জন্য নির্বাচিত ১,৮২,১০৩ জন শিক্ষার্থীর মাঝে উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। ইতোমধ্যে বেশিরভাগ শিক্ষার্থী মোবাইল ব্যাংকিং/অনলাইন ব্যাংক একাউন্টের মাধ্যমে উপবৃত্তির অর্থ পেয়ে গেছেন। কিন্তু কিছু শিক্ষার্থীর মোবাইল ব্যাংকিং/অনলাইন ব্যাংক একাউন্টে ত্রুটি থাকায় তাদের অর্থ প্রেরণ করা হলেও তা উত্তোলন করতে পারেনি।

আপনার জেলা/উপজেলা/শিক্ষাপ্রতিষ্ঠানের কিছুসংখ্যক শিক্ষার্থীর ব্যাংক একাউন্ট নম্বর সঠিক না থাকায় উপবৃত্তির অর্থ প্রেরণ করা যায়নি [তালিকা সংযুক্ত]। এছাড়া দেখা গেছে কিছু বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্ট নম্বর সঠিক না থাকায় উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি'র অর্থ প্রেরণ করা যায়নি।

এমতাবস্থায়, আপনার জেলা/উপজেলা/শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীর সঠিক অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর অথবা মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর এবং সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের সঠিক ব্যাংক একাউন্ট নম্বর(ব্যাংকের রাউটিং নম্বর সহ) বিনা ব্যর্থতায় আগামী ১৫ অক্টোবর ২০২১ এর মধ্যে ই-মেইল helpline.pmeat@gmail.com এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

* তথ্য পাঠানো নিয়মাবলী:

১। শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীর সঠিক অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর অথবা মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর এবং সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের সঠিক অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর(ব্যাংকের রাউটিং নম্বর সহ) উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন।

২। উপজেলা শিক্ষা কর্মকর্তাগণ তার আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীর সঠিক ব্যাংক একাউন্ট নম্বর অথবা মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর এবং সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান (বেসরকারী) এর সঠিক ব্যাংক একাউন্ট নম্বর (ব্যাংকের রাউটিং নম্বর সহ) সংযুক্ত এক্সেল ফরম্যাটে বিনা ব্যর্থতায় আগামী ১৫ অক্টোবর ২০২১ এর মধ্যে helpline.pmeat@gmail.com (cc: [সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার](mailto:helpline.pmeat@gmail.com)) ই-মেইলে প্রেরণ করবেন।

হেল্পলাইনঃ ০১৭৭৮৯৫৮৩৫৬, ০১৭৭৮৯৬৪১৫৬ [শুক্রবার ও শনিবার ব্যতীত সকাল ৯- বিকাল ৫টা]

বি.দ্র. শিক্ষার্থীর সঠিক ব্যাংক একাউন্ট নম্বর অথবা মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর না থাকার কারণে উপবৃত্তির অর্থ না পেলে তার জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কোনোভাবেই দায়ী থাকবে না।